

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:10-09-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

RS - OATH.

ত্রিপুরা থেকে রাজ্যসভার একমাত্র সাংসদ হিসেবে রাজীব ভট্টাচার্য আজ শপথ গ্রহণ করবেন। রাজ্যসভার চেয়ারম্যান, উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় আজ সকাল ১১ টায় সংসদ ভবনে রাজীব ভট্টাচার্যকে শপথ বাক্য পাঠ করাবেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী:

কেন্দ্রীয় স্বরাষ্ট্র এবং সমবায় মন্ত্রী অমিত শাহ আজ নতুন দিল্লিতে আই-ফোর সি অর্থাৎ ইন্ডিয়ান সাইবার ক্রাইম কোর্ডিনেশন সেন্টার এর প্রথম প্রতিষ্ঠা দিবস উদযাপন এবং সাইবার অপরাধ প্রতিরোধের জন্য একাধিক গুরুত্বপূর্ণ উদ্যোগের সূচনা করবেন।

এদিন স্বরাষ্ট্র মন্ত্রী সাইবার জালিয়াতি প্রশমন কেন্দ্র জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। দেশের প্রধান ব্যাঙ্কসমূহ, আর্থিক মধ্যস্থতাকারী সংস্থা, পেমেন্ট এগ্রিগেটর, টেলিকম পরিষেবা প্রদানকারী, তথ্যপ্রযুক্তি মধ্যস্থতাকারী এবং রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলির আইন প্রয়োগকারী সংস্থাগুলির প্রতিনিধিদের নিয়ে নতুন দিল্লির ভারতীয় সাইবার ক্রাইম কো-অর্ডিনেশন সেন্টারে সাইবার জালিয়াতি প্রশমন কেন্দ্র স্থাপন করা হয়েছে।

অমিত শাহ সমন্বয় প্ল্যাটফর্মেরও সূচনা করবেন। এটি নতুন ওয়েব পোর্টাল যেখানে সারা দেশে আইন প্রয়োগকারী সংস্থাগুলির জন্য সাইবার অপরাধের তথ্য ভান্ডার, পরস্পরের মধ্যে তথ্য আদান প্রদান, অপরাধ ম্যাপিং, তথ্য বিশ্লেষণ, সহযোগিতা এবং সমন্বয়

এর সুবিধা পাওয়া যাবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী একই সাথে এদিন 'সাইবার কমান্ডো
"কর্মসূচিরও উদ্বোধন করবেন।

Sworn-in :

উনকোটি জিলা পরিষদের সভাপতি হিসাবে গতকাল শপথ গ্রহণ করলেন অমলেন্দু দাশ। সহকারী সভাপতি হয়েছেন সন্তোষ ধর। কৈলাশহরে, উনকোটি জিলাপরিষদের কনফারেন্স হলে নবনির্বাচিত সদস্য-সদস্যারা শপথ নেন। তেরো সদস্য এর মধ্যে শপথ নিলেন এগারো জন। শপথ বাক্য পাঠ করান, পঞ্চায়েত অধিকর্তা প্রসূন দে।

এদিকে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি হিসেবে অপর্ণা নাথ ও সহকারী সভাপতি হিসেবে ভবতোষ দাস শপথ গ্রহণ করেন। ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে শপথবাক্য পাঠ করান পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সচিব ড. সন্দীপ আর রাঠোর। এর আগে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের নবনির্বাচিত ১৭ জন সদস্য-সদস্যাকে শপথবাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে। |

Manas Debbarman :

রাজ্যের বিশিষ্ট সাহিত্যিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মানস দেববর্মন গতকাল দুপুরে আগরতলার কৃষ্ণনগরে তার নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর। তিনি দুই কন্যা ও স্ত্রী রেখে গেছেন। তিনি ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান এবং ইউ পি এস সি-র সদস্য ছিলেন। মানস দেববর্মনের মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে শিল্পী সাহিত্যিক সহ সর্বস্তরে শোকের ছায়া নেমে আসে। প্রাক্তন

মুখ্যমন্ত্রী মানিক সরকার বাসভবনে গিয়ে শেষ শ্রদ্ধা জানান। মরদেহ রবীন্দ্র ভবন প্রাঙ্গণে আনার পর সেখানে রাজ্য সরকারের পক্ষ থেকে পুষ্পার্ঘ প্রদান করা হয়। এছাড়া সাংবাদিক, শিল্পী, সাহিত্যিকরা তাকে শেষ শ্রদ্ধা জানায়।

রাজ্যের একজন বিশিষ্ট কবি, লেখক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মানস দেববর্মন এর প্রয়াণে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪ তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

PM Janman

আজ থেকে দক্ষিণ জেলার বিভিন্ন ব্লক এলাকায় পিএম জনমন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কর্মসূচি শুরু হবে। গতকাল বিলোনিয়ায় এক সাংবাদিক সম্মেলনে দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস এ খবর জানান। তিনি আরো জানান, বৃষ্টির কারণে দ্বিতীয় পর্যায়ের এই কর্মসূচি সময়মত শুরু করা যায়নি।

Chandra Smriti:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ব্লাডমাউথ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ২-১ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে পরাজিত করে।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুএক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে
